ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২০৩৫

জম্পুইজলা, ০৪ ডিসেম্বর, ২০২৪

**জম্পুইজলা ব্লকভিত্তিক কৌশল মেলা**

জম্পুইজলা ব্লকভিত্তিক কৌশল মেলা গতকাল বুখুরুই কমিউনিটি হলে অনুষ্ঠিত হয়। ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশনের উদ্যোগে জম্পুইজলা ব্লক মিশন ম্যানেজমেন্ট ইউনিটের সহযোগিতায় এই মেলার আয়োজন করা হয়। ব্লকভিত্তিক কৌশল মেলার উদ্বোধন করেন জম্পুইজলা বিএসি'র চেয়ারম্যান বীরেন্দ্র কিশোর দেববর্মা। কৌশল মেলায় ১০টি প্রদর্শনী স্টল খোলা হয়। অনুষ্ঠানে ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশনের পক্ষ থেকে ৩টি স্বসহায়ক দলকে আর্থিক সহায়তা দেওয়া হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জম্পুইজলা ব্লকের অতিরিক্ত বিডিও বীরবাহাদুর রিয়াং, জম্পুইজলার ডিসিএম বিশ্বনাথ রায়, সমাজসেবী রবীন্দ্র দেববর্মা প্রমুখ।

******